

## ইস্টার্ন ব্যাংকের উদ্যোগে জাতীয় শোক দিবস পালন

- A Monitor Desk Report

Date: 15 August, 2021



ঢাকাঃ জাতীয় শোক দিবস পালন এবং জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানসহ ১৫ আগস্ট রাতে শাহাদাত বরনকারী সকলের প্রতি শ্রদ্ধা নিবেদনের উদ্দেশ্যে ইস্টার্ন ব্যাংক লিমিটেড (ইবিএল) ঢাকায় একটি বৃক্ষরোপণ কর্মসূচীর আয়োজন করে।

আজ (১৫ আগস্ট) সকালে রাজধানীর বসুন্ধরা আবাসিক এলাকায় আয়োজিত এই কর্মসূচীতে ইবিএল ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নির্বাহী আলী রেজা ইফতেখারসহ অন্যান্য সিনিয়র কর্মকর্তাবৃন্দ অংশগ্রহণ করেন। তাঁরা বিভিন্ন জাতের আম গাছ রোপন করেন।

প্রকৃতি সুরক্ষার ওপর গুরুত্বারোপ করে আলী রেজা ইফতেখার বলেন, 'বঙ্গবন্ধুর স্মৃতির প্রতি শ্রদ্ধা জানানোর জন্য বৃক্ষরোপণ একটি উত্তম পদক্ষেপ বলে আমরা মনে করি'। কারণ বঙ্গবন্ধু একটি সবুজ বাংলাদেশের স্বপ্ন দেখতেন এবং স্বাধীনতার পরপরই দেশে বৃক্ষরোপণ অভিযানের সূচনা করেন।